

খাতা চ্যালেঞ্জে ফেল থেকে পাস ৪৫, জিপিএ-৫ পেলেন ৩৪ জন

অনলাইন ডেক্স

১৬ নভেম্বর ২০২৫, ১২:০২ পিএম



সংগৃহীত ছবি

চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার উত্তরপত্র পুনর্নিরীক্ষণ বা খাতা চ্যালেঞ্জের ফল প্রকাশ করেছে সংশ্লিষ্ট বোর্ডগুলো। এরমধ্যে মাদ্রাসা শিক্ষা বোর্ডে খাতা চ্যালেঞ্জ করে ফেল থেকে পাস করেছে ৪৫ শিক্ষার্থী এবং নতুন করে জিপিএ-৫ পেয়েছেন ৩৪ জন।

রবিবার (১৬ নভেম্বর) সকাল ১০টায় দেশের ৯টি সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে একযোগে ফল প্রকাশ করা হয়।

প্রকাশিত ফলাফলে দেখা যায়, মাদ্রাসা বোর্ডে খাতা চ্যালেঞ্জের আবেদন করেন ৯ হাজার ৭৮১ শিক্ষার্থী। তারা কেউ কেউ একাধিক বিষয়ের খাতা চ্যালেঞ্জের আবেদন করেছে। এতে মোট আবেদন জমা পড়ে ৩১ হাজার ৮২৮টি। এরমধ্যে জিপিএ পরিবর্তন হয়েছে ৮৫ জনের। তাদের মধ্যে ৩৪ জন নতুন করে জিপিএ-৫ পেয়েছেন। ফেল থেকে পাস করেছে ৪৫ জন।

আলিম পরীক্ষার খাতা চ্যালেঞ্জের ফল মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে। এছাড়া সব আবেদনকারীর মোবাইল নম্বরে এসএমএসের মাধ্যমে ফলাফল পাঠিয়ে দেওয়া হয়েছে।

শিক্ষা বোর্ড সূত্র জানায়, এবার দেশের ১১টি শিক্ষা বোর্ডে মোট ২ লাখ ২৬ হাজার শিক্ষার্থী ৪ লাখ ২৮ হাজার খাতা পুনর্নিরীক্ষণের আবেদন করেছেন। এর মধ্যে সর্বাধিক আবেদন পড়েছে ঢাকা শিক্ষা বোর্ডে এবং সবচেয়ে কম বরিশাল বোর্ডে।

এর আগে, গত ১৬ অক্টোবর ফল প্রকাশের পরদিন ১৭ থেকে ২৩ অক্টোবর পর্যন্ত সাতদিন আবেদন গ্রহণ করা হয়। শিক্ষার্থীরা প্রতি বিষয়ে ১৫০ টাকা ফি দিয়ে পুনর্নিরীক্ষণের আবেদন করেন।

উল্লেখ্য, চলতি বছর দেশের ৯ হাজার ১৯৭টি প্রতিষ্ঠান থেকে ১২ লাখ ৫১ হাজার ১১১ জন শিক্ষার্থী এইচএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নেন। তাদের মধ্যে উত্তীর্ণ হয়েছেন ৭ লাখ ২৬ হাজার ৯৬০ জন, পাসের হার ৫৮ দশমিক ৮৩ শতাংশ। ফেল করেছেন ৫ লাখ ৮ হাজার ৭০১ জন (৪১ দশমিক ১৭ শতাংশ)। ছাত্রদের পাসের হার ৬২ দশমিক ৯৭ শতাংশ এবং ছাত্রদের ৫৪ দশমিক ৬০ শতাংশ।